**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল মে মাসে অতিরিক্ত খাদ্য সহায়তার জন্য 234 মিলিয়ন ডলার প্রদান করার কথা ঘোষণা করলেন

***সকল SNAP গৃহস্থালি এই মাসে সর্বোচ্চ মাত্রার খাদ্য ভাতা পাবে***

***জানুয়ারি থেকে প্রায় 1 মিলিয়ন ডলারের সম্পূরক সুবিধা বিতরণ করা হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিতে (Supplemental Nutrition Assistance Program, SNAP) নিবন্ধিত সকল নিউ ইয়র্কবাসীরা মে মাসে সর্বোচ্চ অনুমোদিত খাদ্য সুবিধা পাবেন। SNAP এ অংশগ্রহণকারী সকল গৃহস্থালি - ইতিমধ্যে যারা সর্বোচ্চ স্তরের সুবিধা পাচ্ছেন তারা সহ - এই মাসে একটি অতিরিক্ত সম্পূরক বরাদ্দ পাবে, যা নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিতে মোটামুটি 234 মিলিয়ন ডলার ফেডারেল তহবিল নিয়ে আসবে।

"নিউ ইয়র্ক যখন আরো শক্তিশালীভাবে গড়ে তোলা অব্যাহত রেখেছে, তখনও বহু সংখ্যায় পরিবার খাদ্য সংক্রান্ত নিরাপত্তার অভাবের সাথে লড়াই করছেন, **গভর্নর হোকল বলেন।"** "অভাবীদের সর্বোচ্চ মাত্রার খাদ্য ভাতা প্রদান করার মাধ্যমে, আমরা কষ্টে থাকা গৃহস্থালিগুলিকে জীবন ধারণ করতে এবং তাদের মুখে খাবার তুলে দিতে পারি। এই অর্থায়ন নিশ্চিত করতে সাহায্য করবে যে অগণিত পরিবার খাদ্য নিরাপত্তার অভাবের মত হৃদয় বিদারক সম্ভাবনা এড়িয়ে যেতে পারে যখন আমরা এক সাথে সকল নিউ ইয়র্কবাসীদের জন্য আরো সমৃদ্ধ ভবিষ্যতের উদ্দেশ্যে কাজ করি।"

জরুরি সহায়তা সম্পূরক সকল গৃহস্থালিকে প্রদান করা হয় - যার মধ্যে স্বাভাবিকভাবে প্রতি মাসে SNAP থেকে সর্বোচ্চ অনুমোদিত সুবিধা পাওয়া গৃহস্থালিও অন্তর্ভুক্ত থাকবে - যা হল টেম্পোরারি এবং ডিজ্যাবিলিটি অফিসের (Office of Temporary and Disability Assistance, OTDA) তত্ত্বাবধান করা একটি ফেডারেলভাবে অর্থায়িত কর্মসূচি। যেসব পরিবার ইতিমধ্যে সর্বোচ্চ মাত্রার সুবিধার কাছাকাছি বা সেই স্তরে রয়েছে - চার সদস্যের একটি পরিবারের জন্য 835 ডলার - তারা অন্তত 95 ডলারের একটি সম্পূরক পেমেন্ট পাবে। এই তহবলগুলি বেবি ফুড বা ফর্মুলা কিনতে ব্যবহার করা যেতে পারে।

নিউ ইয়র্ক সিটির বাইরে সকল কাউন্টিতে SNAP গৃহস্থালিগুলির 21 মের মধ্যে এই বাড়তি সুবিধাগুলি পাওয়া উচিত। নিউ ইয়র্ক সিটি অঞ্চলের পাঁচটি কাউন্টির SNAP গৃহস্থালিগুলির 28 মের মধ্যে তাদের বাড়তি সুবিধা পাওয়া উচিত।

2020 সালের এপ্রিল থেকে OTDA সর্বোচ্চ মাসিক পরিমাণের চেয়ে কম সুবিধা পাওয়া SNAP পরিবারগুলোকে জরুরি সম্পূরক সুবিধা প্রদান করা শুরু করেছে। যখন 2021 সালের জুন মাসে নিউ ইয়র্ক স্টেটের জরুরি অবস্থা ঘোষণার মেয়াদ শেষ হয়, তখন এজেন্সিটি ফেডারেল ঘোষণার মেয়াদ শেষ হওয়ার আগ পর্যন্ত, যা এখন জুন পর্যন্ত সম্প্রসারণ করা হবে বলে আশা করা হচ্ছে, সকল SNAP গৃহস্থালির জন্য সর্বোচ্চ বরাদ্দ নিশ্চিত করার জন্য ফেডারেল সরকারের সাথে কাজ করেছে।

নিউ ইয়র্কবাসীরা SNAP-এর উপর বড় বেশি নির্ভর করে চলেছে, ফেব্রুয়ারি মাসে স্টেট জুড়ে 1.6 মিলিয়নেরও বেশি পরিবার এই কর্মসূচিতে সংযুক্ত হয়েছে, যা আগের মাসের তুলনায় 1 শতাংশ বৃদ্ধি। ফেব্রুয়ারি মাসে 2.8 মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসী সুবিধা পেয়েছেন, যা 2021 সালের জুন মাসের পর থেকে সর্বোচ্চ।

**টেম্পরারি এবং ডিজেবিলিটি সহায়তার কমিশনার ড্যানিয়েল ডাবলু. টিয়েটজ বলেন,** "কোন ব্যক্তি বা পরিবারের এ বিষয় নিয়ে ভাবার প্রয়োজন হওয়া উচিত নয় যে তাদের কাছে স্বাস্থ্যকর, পুষ্টিকর খাবার প্রতি মাসে মুখে তুলতে পারার জন্য সংস্থান উপলব্ধ আছে কিনা। জনস্বাস্থ্য সংকট জুড়ে প্রদত্ত অতিরিক্ত খাদ্য সুবিধাগুলি এই অনিশ্চয়তা দূর করতে সাহায্য করার ক্ষেত্রে একটি অবিচ্ছেদ্য ভূমিকা পালন করেছে, একই সাথে আমাদের রাজ্য জুড়ে স্থানীয় ব্যবসা এবং খুচরা বিক্রেতাদের পুনরুদ্ধার করতে সহায়তা করে।"

**সিনেটের চাক শুমার বলেন,** "কোন নিউ ইয়র্কবাসীকে পরের খাবার কথা থেকে আসবে তা নিয়ে দুশ্চিন্তা করতে হওয়া কখনও উচিত নয়। সেইজন্য আমি মহামারী চলাকালীন 2021 এর কনসলিডেটেড অ্যাপ্রোপ্রিয়েশনস অ্যাক্টের (Consolidated Appropriations Act) মাধ্যমে, এবং পুনরায় আমেরিকান উদ্ধার পরিকল্পনার (American Rescue Plan) মাধ্যমে SNAP ঐতিহাসিক পরিমাণ বৃদ্ধি করতে লড়াই করেছি। আমরা কষ্টে থাকা পরিবারের মুখে খাবার তুলে দিতে সাহায্য করতে ফেডারেল তহবিলে এই অতিরিক্ত সংযোজনের জন্য আমাদের চেষ্টা আরো বৃদ্ধি করেছি। বহু নিউ ইয়র্কবাসীর জন্য SNAP একটি লাইফলাইন এবং কোনও নিউ ইয়র্কবাসী যাতে ক্ষুধার্ত না থাকে বা অবহেলিত না হয় তা নিশ্চিত করতে ফেডারেল সংস্থান আনার জন্য আমি সর্বদা লড়াই করে যাবো।"

**প্রতিনিধি আদ্রিয়ানো এসপাইল্লাট বলেছেন,** "SNAP হল সব চেয়ে কার্যকর হাতিয়ার যা আমাদের কাছে আছে ক্ষুধার মহামারীর বিরুদ্ধে লড়াই করার জন্য যা এই দেশকে জর্জরিত করছে এবং আমাদের রাজ্য জুড়ে পরিবারগুলিকে প্রভাবিত করছে। নিউ ইয়র্কের সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিকে শক্তিশালী করার জন্য এই অতিরিক্ত তহবিল প্রদানের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি যা আমাদের চলমান পুনরুদ্ধারের প্রক্রিয়ার মধ্যে আরো বেশি সংখ্যক পরিবারগুলিকে সাহায্য করার জন্য এই প্রোগ্রামের মাধ্যমে প্রদত্ত জরুরী সংস্থানগুলির পূর্ণ সুবিধাগুলি সর্বাধিক করতে এবং তা পেতে সাহায্য করবে জীবন ধারণের জন্য।"

SNAP সুবিধা নিউ ইয়র্কের অর্থনৈতিক পুনরুদ্ধারে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, এবং এই বছরে স্টেটের অর্থনীতিতে প্রায় 1 মিলিয়ন ডলারের বেশি প্রদান করেছে। মার্কিন অর্থনীতিতে SNAP-র প্রভাবের সংখ্যা নির্ধারণকারী একটি ফেডারেল গবেষণা অনুযায়ী, SNAP দ্বারা বিনিয়োগ করা প্রতি ফেডারেল মার্কিন ডলার 1.54 মার্কিন ডলার অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করে।

এই সুবিধাগুলি অভাবী নিউ ইয়র্কবাসীদের জন্য একটি গুরুত্বপূর্ণ জীবনরেখা। গড়ে, নিউ ইয়র্কের প্রতি সাতজনের মধ্যে একজন - রাজ্যের জনসংখ্যার প্রায় 14 শতাংশ - গত বছর SNAP সুবিধার উপর নির্ভর করেছিল; প্রাপক পরিবারের অর্ধেকেরও বেশি শিশু সহ পরিবার ছিল এবং প্রায় 48 শতাংশের মধ্যে 55 বছরের বেশি বয়সী প্রাপ্তবয়স্ক বা অক্ষম ব্যক্তি অন্তর্ভুক্ত ছিল।

আগের মাসগুলিতে, পেমেন্টগুলি সরাসরি প্রাপকের বর্তমান ইলেকট্রনিক বেনেফিট ট্রান্সফার অ্যাকাউন্টে প্রদান করা হয়েছিল এবং যা বর্তমান EBT কার্ড দিয়ে অ্যাক্সেস করা যেতে পারে। নিয়মিত SNAP সুবিধাগুলির মত, পরিপূরণকারী সুবিধাগুলিকে অনুমোদিত রিটেইল খাবারের দোকান থেকে খাবার কেনার কাজে ব্যবহার করা যেতে পারে। SNAP সুবিধার কোনো অংশ অব্যবহৃত থাকলে তা স্বয়ংক্রিয়ভাবে পরের মাসের পরিমাণের সাথে যোগ হবে।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলির উত্তরসহ জরুরি সম্পূরক SNAP সুবিধাসমূহ সম্পর্কে আরো তথ্য এখানে পাবেন। mybenefits.ny.govওয়েবসাইটে গিয়ে নিউ ইয়র্কবাসীরা SNAP-এর জন্য তাদের উপযুক্ততা যাচাই করতে পারবেন এবং অনলাইনে আবেদন করতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418